১২৩

দৈনিক সংবাদ

তারিখ JUL 1 5 1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

# কুলিয়ারচর ডিগ্রি কলেজকে রাজনীতিমুক্ত শিক্ষাঙ্গন ঘোষণা

কুলিয়ারচর (কিশোরগঞ্জ) থেকে থানা প্রতিনিধি ঃ শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ গঠনকল্পে কুলিয়ারচর ডিগ্রি কলেজ পরিচালনা পরিষদ উক্ত কলেজকে সম্পূর্ণ ছাত্র রাজনীতিমুক্ত ঘোষণা করেন।

সম্প্রতি কুলিয়ারচর কলেজ প্রাঙ্গণে অভিভাবক ও সুধী সমাবেশের সিদ্ধান্ত মোতাবেক গত ১০ই জুলাই কুলিয়ারচর ডিগ্রি কলেজ পরিচালনা পরিষদের সভায় কলেজ সভাপতি মোঃ মুছা মিয়া (সি.আই.পি) ও কুলিয়ারচর গ্রুপের চেয়ারম্যান আগামী ২০০১ সাল পর্যন্ত কলেজে ছাত্র রাজনীতি বন্ধ ঘোষণা করেন। এ পদক্ষেপ কুলিয়ারচরের ৭টি ইউনিয়নের শিক্ষক, অভিভাবক স্থানীয় প্রশাসনসহ সকল মহলে প্রশংসিত হয়েছে।